গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়, রাজশাহী
www.cooperative.rajshahi.gov.bd

নং: ৪৭.৬১.৮১০০.০০০.৩২.১১৯.১৯. ৭৮৯ তারিখ: ২৮/৬/২০২২ খ্রি.

**প্রাথমিক সমবায় সমিতির অডিট বরাদ্দ আদেশ**

সমবায় সমিতি আইন, ২০০১ এর ৪৩(১) ধারা ও সমবায় অধিদপ্তর, ঢাকা এর আদেশ নম্বর ১২০১-এ/ও, তারিখ: ২৯/৮/২০০৭ খ্রি. এর প্রদত্ত ক্ষমতাবলে রাজশাহী জেলাধীন প্রাথমিক সমবায় সমিতির ২০২১-২০২২ অর্থ বছরের বিধিবদ্ধ বার্ষিক অডিট (বকেয়াসহ যদি থাকে) সংযুক্ত তালিকায় সমিতির নামের পাশে বর্ণিত অডিট অফিসারের নামে বরাদ্দ প্রদান করা হলো।

আবশ্যিকভাবে অনুসরণীয় বিষয়

১। জারিকৃত সার্কুলার অনুযায়ী ৩১/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি এবং ৩১/৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অন্যান্য সকল প্রাথমিক সমবায় সমিতির শতভাগ অডিট সম্পাদন নিশ্চিত করতে হবে।

২। সমবায় সমিতি আইন, ২০০১ এর ৪৫, ৪৬ এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ১০০,১০১,১০২,১০৩ বিধি প্রতিপালনপূর্বক অডিট সম্পাদন করে সংশ্লিষ্ট সমিতি,মেট্রোপলিটন থানা/উপজেলা ও জেলা সমবায় কার্যালয়ে ৩১-৩-২০২৩ তারিখের মধ্যে অডিট প্রতিবেদন দাখিল করতে হবে।

৩। প্রতি মাসে ২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলায় ব্যক্তিগত অডিট রিটার্ন দাখিল করতে হবে। রিটার্ন দাখিলের ৭ দিনের মধ্যে ২ প্রস্ত অডিট প্রতিবেদন সংশ্লিষ্ট উপজেলায় দাখিল করতে হবে। প্রতিবেদনের কভার পেইজে সোসাইটি ও অডিটর আইডি উল্লেখ করতে হবে।

৪। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক জারিকৃত ২৩/০২/২০১৫ তারিখের ৪৩ নং সার্কুলারসহ বিভিন্ন সময়ে জারিকৃত অডিট সংক্রান্ত পত্রের বিষয়ের ওপর সুস্পষ্ট মন্তব্য অডিট প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে।

৫। সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক প্রণীত অডিট ম্যানুয়াল অনুযায়ী অডিট প্রতিবেদন প্রস্তুত করতে হবে এবং সমিতির ব্যবস্থাপনায় আইন-বিধি বহির্ভূত কোনো বিষয় পরিলক্ষিত হলে সে বিষয়ে সুস্পষ্ট অভিমত প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

৬। অডিট অফিসারগণ হিসাব বিবরণী যথাযথভাবে নিরীক্ষার মাধ্যমে হিসাবের কারচুপি, জালিয়াতি ও আত্মসাতের মত ঘটনা (যদি থাকে) উদঘাটন নিশ্চিত করবেন এবং এ ধরনের ঘটনা উদঘাটিত হলে একটি বিশেষ নিরীক্ষা প্রতিবেদন পৃথকভাবে দাখিল করবেন।

৭। যে সকল সমবায় সমিতির স্থাবর সম্পত্তি, প্লান্ট, মেশিনারিজ ইত্যাদি রয়েছে সে সকল সমিতির উল্লিখিত সম্পদের তফসিল, মালিকানা, মূল্য, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা বিষয়ে প্রতিবেদনে মন্তব্য প্রদান করতে হবে।

৮। অডিট প্রতিবেদনে মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য পরিবেশন করা হলে বা তথ্য গোপন করা হলে সংশ্লিষ্ট অডিট অফিসারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। একজন নিরীক্ষকের নামে বরাদ্দকৃত অডিট অপর একজন সম্পাদন করলে শৃঙ্খলা ভঙ্গের দায়ে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। কোনো অডিট অফিসার অন্যত্র বদলি হলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা অবশিষ্ট অডিট নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করবেন।

২৮/৬/২২
মোঃ সাইদুর রহমান
জেলা সমবায় অফিসার, রাজশাহী

নং ৪৭.৬১.৮১০০.০০০.৩২.১১৯.১৯. ৭৮৯ /১(১২৭৮) তারিখ: ২৮/৬/২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব মোঃ সুলতানুল ইসলাম......অডিট অফিসার ও মেট্রোপলিটন থানা/উপজেলা সমবায় অফিসার/সহকারী পরিদর্শক, মেট্রোপলিটন থানা/উপজেলা সমবায় কার্যালয়..........পবা..................জেলা অডিটর/পরিদর্শক/ প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক জেলা সমবায় কার্যালয়, রাজশাহী।

২। সভাপতি/সম্পাদক, ..........................................................................................., রাজশাহী।
(তাঁকে হিসাব ম্যানুয়াল অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরের প্রস্তুতকৃত হিসাব বিবরণী নিরীক্ষকের নিকট উপস্থাপন করে নিরীক্ষা কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য বলা হলো।)

৩। মেট্রোপলিটন থানা/উপজেলা সমবায় অফিসার.....................................রাজশাহী।

৪। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী (মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৮/৬/২২
মোঃ সাইদুর রহমান

রাজশাহী জেলার পবা উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতির
২০২১-২০২২ অর্থ বছরের অনুমোদিত অডিট বরাদ্দ
অডিট অফিসারের নাম ও পদবি: মোঃ সুলতানুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার, পবা, রাজশাহী

| ক্রমিক | সো. আইডি | সমবায় সমিতির নাম | নিবন্ধন নং | তারিখ | ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | ৮১৭২০০৯৪৯ | বড়গাছী মহিলা সমবায় সমিতি লিঃ | ৮৯৮ | ২০-০১-১৫ | গ্রাম- বড়গাছী, ডাক-বড়গাছী |
| ২ | ৮১৭২০০৯১৩ | অচিন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | ৯৬১ | ২৮-০৪-১৫ | গ্রাম- বসুয়া, ডাক- জিপিও |
| ৩ | ৮১৭২০০৯০৭ | উত্তরণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | ৫২৬ | ১৭-০৫-১২ | গ্রাম- রনাবাড়ী, ডাক- নওহাটা |
| ৪ | ৮১৭২০০৯৫৮ | একতা মহিলা সমবায় সমিতি লিঃ | ১০৭৭ | ৩০-১২-১৫ | গ্রাম- কুলপাড়া , ডাক- মিয়াপুর |
| ৫ | ৮১৭২০০৯৭৩ | হরিপুর ব্যবসায়ী বহুমুখী সমবায় সমিতি লিঃ | ৩৫ | ২৭-০৪-০৬ | গ্রাম- হরিপুর ডাক- হরিপুর |
| ৬ | ৮১৭২০০৯৪৬ | সজাগ গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | ৪৩১ | ৩১-১০-১১ | গ্রাম- কর্ণহার, ডাক- দারুশা |
| ৭ | ৮১৭২০০৯৫৭ | প্রতিভা মহিলা সমবায় সমিতি লিঃ | ১০৭৮ | ৩০-১২-১৫ | গ্রাম- হরিপুর,ডাক-হরিপুর |
| ৮ | ৮১৭২০০৯২৫ | একতা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | ১০৭২ | ২০-১২-১৫ | গ্রাম- বারইপাড়া, ডাক- পবা |
| ৯ | ৮১৭২০০৯২৮ | আনন্দ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | ১০৬৪ | ১২-১১-১৫ | গ্রাম- সিলিন্দা, ডাক-মিয়াপুর |
| ১০ | ৮১৭২০০৯২৭ | হ্যাপি সেভিংস এন্ড ক্রেডিট কো-অপাঃ সোঃ লিঃ | ১০৭৩ | ২০-১২-১৫ | গ্রাম- বালিয়াডাংগা, ডাক - পবা |
| ১১ | ৮১৭২০০৯৭৫ | মুক্তি সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ | ৫৮২ | ১৩-০৮-১২ | গ্রাম- আলীরমোড় , ডাক-জিপিও |
| ১২ | ৮১৭২০১৭২২ | ছোঁয়া ভোগ্যপণ্য সমবায় সমিতি লিঃ | ১৫৬৬ | ০৫-১২-১৯ | গ্রাম- নওহাটাবাজার,ডাক-নওহাটা |
| ১৩ | ৮১৭২০১৩২৫ | পদ্মা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | ১২৩৭ | ১৪-০৩-১৮ | গ্রাম- ৭২-এ বায়া ,ডাক- পবা |
| ১৪ | ৮১৭২০০৯৩১ | কেয়ার ওয়াচ সেভিং এন্ড ক্রেডিট কো-অপাঃ সোঃলিঃ | ১০০৩ | ১৪-০৭-১৫ | গ্রাম-নওহাটা,ডাক-নওহাটা |
| ১৫ | ৮১৭২০০৯৫৪ | দুয়ারী রজনীগন্ধা মহিলা সমবায় সমিতি লিঃ | ৮৭২ | ০৫-০১-১৫ | দুয়ারী মধ্যপাড়া,ডাক- নওহাটা |
| ১৬ | ৮১৭২০১২৪৬ | কুমড়া পুকুর মহিলা সমবায় সমিতি লিঃ | ১১৬১ | ২৮-০৮-১৭ | গ্রাম- কুমড়াপুকুর ,ডাক- পবা |
| ১৭ | ৮১৭২০১৭২১ | প্রত্যাশা কঞ্জুমার কো-অপারেটিভ সোসাইটি লিঃ | ১৫৭২ | ২৪-১২-১৯ | গ্রাম- ললিতাহার , ডাক-খড়খড়ী |

মোঃ সাইদুর রহমান
জেলা সমবায় কর্মকর্তা, রাজশাহী